

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০৪

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب في المعجزا)

আরবী

وَعَن سَلَمَة بِن الْأَكْوَعِ أَنَّ رَجُلًا أَكَلَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَمَالِهِ فَقَالَ: «كُلْ بِيَمِينِكَ» قَالَ: لاأستطيع. قَالَ «لَا اسْتَطَعْتَ» . مَا مَنَعَهُ إِلَّا الْكِبْرُ قا ل: فَمَا رَفعهَا إِلَى فِيهِ. رَوَاهُ مُسلم

> رواه مسلم (107 / 2021)، (5268) ۔ (صَحِیح)

বাংলা

কে০৪-[৩৭] সালামাহ ইবনুল আকওয়া (রাঃ) হতে বর্ণিত। এক লোক রাসূলুল্লাহ (সা.) -এর সম্মুখে বাম হাতে খাছিল। তখন তিনি (সা.) বললেন, তুমি তোমার ডান হাতে খাও। সে বলল, আমি ডান হাতে খেতে পারি না। তিনি (সা.) বললেন, ডান হাতে খাওয়ার সাধ্য তোমার না থাকে। আসলে সে অহংকারবশত ডান হাতে খাওয়া হতে বিরত রয়েছে। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ (সা.) -এর সেই অভিশাপ বাক্যে সে আর কোনদিনই তার ডান হাত আপন মুখের কাছে নিতে পারেনি। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১০৭-(২০২১), মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ২৪৪৫, দারাকুত্বনী ৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহর রাসূল (সা.) উক্ত ব্যক্তিকে বললেন, তাহলে তুমি যেন আর না পারো। এটি ছিল ঐ ব্যক্তির জন্য



বদদু'আ।

ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, কেউ যদি বলে যে, রাসূল (সা.) কেন তার জন্য বদদু'আ করলেন অথচ তিনি বিশ্ববাসীর জন্য রহমতস্বরূপ। তার উত্তর হলো, রাসূল (সা.) তার জন্য এমনিতেই বদদ'আ করেননি। বদদু'আ করেছেন তার অহংকারের জন্য। যেহেতু সে তার ডান হাত ব্যবহার করতে সক্ষম ছিল। তারপরেও সে অহংকারের কারণে বলেছে, আমি পারবো না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন